

## আমাদের COVID-19 টিকা সহায়তা পরিষেবা

COVID-19 হল NHS-এর ইতিহাসে গণ স্বাস্থ্যের ক্ষেত্রে সবচেয়ে বড় একক আপৎকালীন পরিস্থিতি।

COVID-19 টিকা আপনার COVID-19 রোগে আক্রান্ত হওয়ার সম্ভাবনাকে হ্রাস করে। সব ওষুধের মতই, কোনো টিকাই সম্পূর্ণভাবে কার্যকরী হয় না, আপনি টিকাটি নেওয়ার পর আপনার শরীরে রোগ প্রতিরোধ ক্ষমতা তৈরি হতে কয়েক সপ্তাহ লাগে। একটি টিকা নেওয়া সত্ত্বেও কিছু ব্যক্তির COVID-19 হতে পারে, তবে তা সংক্রমণের মাত্রাকে হ্রাস করবে।

টিকা নেওয়ার জন্য আপনি COVID-19-এ সংক্রামিত হবেন না এবং দুটি ডোজ আপনার গুরুতরভাবে অসুস্থ হওয়ার সম্ভাবনাকে হ্রাস করবে। টিকা নেওয়ার পরও আপনাকে সরকারি নির্দেশনা অনুসরণ করতে হবে। সব ওষুধের মত, টিকাগুলিরও পার্শ্ব-প্রতিক্রিয়া থাকে। এগুলির বেশির ভাগই হালকা ও স্বল্পমেয়াদী হয় এবং প্রত্যেকের তা হয়ও না।

## আপনার টিকার জন্য NHS বা GP-র আমন্ত্রণ

সামনের কয়েক সপ্তাহের মধ্যে আপনি একটি চিঠি পাবেন, যেখানে আপনাকে আপনার টিকাটি বুক করতে বলা হবে।

চিঠিটিতে হয় আপনাকে অনলাইনে বুক করতে বা একটি অ্যাপয়েন্টমেন্ট বুক করার জন্য 119 নম্বরে কল করতে আমন্ত্রণ জানানো হবে।

## টিকা সহায়তা - আমরা কিভাবে সাহায্য করতে পারি

আপনি আপনার স্লটটি বুক করার পর বা আপনার বুকিং করতে সহায়তার প্রয়োজন হলে, আমরা আপনাকে মোবাইলে এই নম্বরে আমাদের হোম ও কেয়ার সার্ভিসেস ম্যানেজারকে কল করতে বলব: 07754 751 079 বা আমাদের রিসেপশনে 020 8981 7124 -এ ফোন করতে বলব।

আপনার টিকা নেওয়ার দিনে আমাদের হোম ও কেয়ার টীমের একজন সদস্য একটি উবের ক্যাবে করে আপনাকে নিতে আসবেন এবং আপনাকে আপনার টিকা দেওয়ার জায়গায় নিয়ে যাবেন। আপনার টিকা গ্রহণ করা পর্যন্ত আমরা অপেক্ষা করব এবং তারপর আমরা আপনাকে বাড়িতে পৌঁছে দিয়ে আসব। টাওয়ার হ্যামলেটস, নিউহ্যাম, সিটি ও হ্যাকনি এবং ওয়ালথ্যাম ফরেস্ট জুড়ে পরিষেবাটি উপলব্ধ রয়েছে।

এর জন্য আপনার কোন খরচ হবে না, কারণ পরিষেবাটি বিনামূল্যে দেওয়া হচ্ছে।

## আমাদের হোম ও কেয়ার টীম

এজ UK ইস্ট লন্ডনের সমস্ত কর্মী ও স্বৈচ্ছাসেবীদের ক্ষেত্রে আরো জোরদার ডিজক্লোজার ও বারিং বা প্রকাশ ও নিবৃত্ত করা সংক্রান্ত যাচাইগুলি করা হয়েছে, যা প্রতি 3 বছর পর পর হালনাগাদ করা হয়।

## পরিষেবার মাপকাঠি

আপনি ভেবে দেখলে বুঝতে পারবেন যে, আমরা প্রত্যেক বয়স্ক ব্যক্তিকে সাথে থেকে আনা-নেওয়া করতে পারব না, তা করার জন্য একটি কঠোর মাপকাঠি থাকবে যার তালিকা নিচে দেওয়া হল:-

- 65 বছর বা তার বেশি বয়সী, যদি না ডিমেনশিয়া বা এরকম কোন স্বাস্থ্যসমস্যা নির্ণীত হয়।
- একা বসবাসকারী বা পরিষেবার মাপকাঠি পূরণকারী অন্য একজন ব্যক্তির সাথে বসবাসকারী
- কোনো পরিবারের লোক বা বন্ধু না থাকা যিনি সাথে আসতে পারেন।
- আপনি সুরক্ষাসূচক চিঠি পাবেন।

আপনি পরিষেবার মাপকাঠি পূরণ করছেন কি না তা আমরা আপনার GP এবং/বা স্বাস্থ্য ও সামাজিক পেশাদারদের কাছ থেকে নিশ্চিত করে নেব।

## রেফারাল

- GP
- স্বাস্থ্য সেবা পেশাদার
- সামাজিক সেবা পেশাদার
- নিজে (স্বাস্থ্য এবং/বা সামাজিক পেশাদারের কাছ থেকে যোগ্যতামান নিশ্চিত করা হবে)

এজ্জ UK লন্ডন একটি স্বৈচ্ছাসেবী সংস্থা এবং একটি রেজিস্টার্ড দাতব্য সংস্থা। আমরা 50+ বয়সী মানুষদের সাথে কাজ করি, তাদের পরিষেবা প্রদান করি এবং তাদের মতামতগুলি তুলে ধরি।

আমাদের পরিষেবাগুলির মধ্যে রয়েছে:

- তথ্য ও পরামর্শ
- আইনী পরামর্শ
- হোম ও কেয়ার সার্ভিসেস
- বন্ধু হওয়া
- ডিজিটাল সহায়তা
- লাঞ্চ ক্লাব
- হ্যান্ডিপার্সন সার্ভিসেস
- হাসপাতালের ডিসচার্জ সহায়তা পরিষেবা

আমাদের ওয়েবসাইটে আমাদের বিভিন্ন পরিষেবাগুলির পূর্ণ বিবরণ পেতে পারেন

[www.ageukeastlondon.org.uk](http://www.ageukeastlondon.org.uk)

পরিষেবা সংক্রান্ত আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে, হোম ও কেয়ার সার্ভিসেস ম্যানেজারকে এই নম্বরে ফোন করুন:

মোবাইল: 07754 751 079

[Kay.munns@ageukeastlondon.org.uk](mailto:Kay.munns@ageukeastlondon.org.uk)

বা আমাদের হেড অফিস রিসেপশন টীমের সাথে যোগাযোগ করুন:

Age UK East London

82 Russia Lane

E2 9LU

ই-মেল: [info@ageukeastlondon.org.uk](mailto:info@ageukeastlondon.org.uk)

টেলিফোন: 020 8981 7124

সকাল 9.30টা - বিকাল 5.30টা

সোমবার - শুক্রবার

অন্য সময় আনসারফোন উপলব্ধ থাকে



**Covid-19**

**টিকা সহায়তা পরিষেবা**

